দর্শনায় দুর্গাপ্রতিমা তৈরিতে ব্যস্ত কারিগররা

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা ঘিরে প্রতিমা তৈরিরে ব্যস্ত সময় পার করতে দেখা গেছে দর্শনা রামনগর কালিদাশপুর গ্রামের আদর্শ দাস পাড়া মন্দিরে। মন্দিরের সভাপতি সঞ্জয় বলেন আসছে আগামী ৯ অক্টোবর ২০২৪ রোজ বুধবার পালিত হবে মহাষষ্ঠী । মহাসপ্তমী পালিত হবে ১০ অক্টোবর বৃহস্পতিবার। মহাষ্টমী পালিত হবে ১১ অক্টোবর শুক্রবার। মহানবমী পালিত হবে ১২ অক্টোবর শনিবার। বিজয়া দশমী পালিত হবে আগামী ১৩ অক্টোবর রবিবার। আমাদের এই অনুষ্ঠানে ৪ থেকে ৫ হাজার ভক্ত অংশগ্রহন করে থাকে।

প্রতিমা তৈরির প্রধান কারিগর বিকাশ রায় জানায় আমরা এখন ব্যস্ত সময় পার করছি। কারণ সঠিক সময়ে আমার কাজ শেষ করতে হবে। প্রতিমা তৈরিতে ১০ দিন মতো সময় লাগে। আমি ৩২ বছর ধরে এই কাজ যত্ন সহকারে করে আসছি। আমার সাথে আরও ৩ জন কাজ করছে যার কারণে আমাদের কোন অসুবিধা হচ্ছে না। মন্দিরের সেক্রেটারি আশিক কুমার দাস বলেন আমাদের মন্দিরের নাম শ্রী শ্রী রাধামাধব সার্বজনীন পূজা মন্দির এটা ১৯৯০ সালে স্থাপন করা হয়। প্রতি বছরের মতো এবারও জাঁকজমক ভাবে শারদীয় দুর্গাপূজা পালন করবো আমরা । আমাদের দর্শনা পৌরসভায় ৫ টি মন্দির রয়েছে, দর্শনা পুরাতন বাজার, দর্শনা আমতলা পূজামণ্ডপ, দর্শনা কেরুজ পূজা মণ্ডপ, কালিদাসপুর দাস পাড়া, কালিদাপুর বাগদীপাড়া।

মন্দিরের ক্যাশিয়ার শ্রী অপু দাস বলেন এই বছর মহাসপ্তমী বৃহস্পতিবার পড়ায় দেবীর আগমন হবে দোলা বা পালকিতে। শাস্ত্র অনুসারে দোলা বা পালকিতে দেবীর আগমন হলে সূচিত হয় ভয়ঙ্কর মহামারী যাতে বিপুল প্রাণ হানির আশঙ্কা থাকে। আবার ২০২৪ – এ বিজয়া দশমী রবিবার পড়ায় এই বছর দেবী ফিরে যাবেন গজ বা হাতিতে। গজ হল দেবীর উৎকৃষ্টতম বাহন, দেবীর আগমন বা গমন হাতিতে হলে মর্ত্যলোক ভরে ওঠে সুখ, শান্তি ও সমৃদ্ধিতে এবং ভক্তদের মনের ইচ্ছে পূরণ হয়।

জন্মাষ্টমী উপলক্ষ্যে ঝিনাইদহ জেলা কারাগারে বন্দিদের মাঝে মিষ্টান্ন বিতরণ

ঝিনাইদহ জেলা কারাগারে সনাতন (হিন্দু) ধর্মালম্বী কারাবন্দিদের মাঝে মিষ্টান্ন বিতরণ করা হয়েছে। গতকাল (২৬ আগস্ট) দুপুরে জন্মাষ্টমী উপলক্ষ্যে জেলা কারাগারের আয়োজনে সনাতন ধর্মাম্বলী কারা বন্দি ও স্টাফদের মাঝে এ মিষ্টান্নবিতরণ করা হয়।

জেলা কারাগারের জেলার শেখ মোঃ মহি উদ্দিন হায়দার বলেন, সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে বাংলাদেশ এগিয়ে যাক নতুন উচ্চতায় এই প্রার্থনা সবার। এসময় তাদের মাঝে লুচি ও মিষ্টি বিতরণ করা হয়। এ খাবার পেয়ে সন্তুষ্টি প্রকাশ করেন তারা। তাদের এই ব্যতিক্রমী আয়োজনকে সাধুবাদ জানিয়েছেন সচেতন মহল।

ঝিনাইদহে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে র্যালি

আজ ২৬ আগস্ট সোমবার শুভ জন্মাষ্টমী। সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের আরাধ্য ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে দুষ্টের দমন শিষ্টের পালন এবং ধর্ম রক্ষার্থে মহাবতার ভগবান রূপে জন্মগ্রহণ করেছিলেন শ্রীকৃষ্ণ।

সেই উপলক্ষে প্রতিবছর শ্রীকৃষ্ণের জন্মতিথিতে পালন করা হয় জন্মাষ্টমী। এরই ধারাবাহিকতায় ঝিনাইদহ সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায় শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন করেছে।

ঝিনাইদহে শ্রী শ্রী মদন মোহন মন্দির থেকে জন্মাষ্টমী উৎসব

উপলক্ষে একটি র্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে শ্রী শ্রী মদন মোহন মন্দিরে এসে শেষ হয়।

র্যালিতে ঝিনাইদহ বিভিন্ন মন্দির ও বিভিন্ন স্থান থেকে ভক্তবৃন্দ উপস্থিত হয়েছেন। এছাড়া অনুষ্ঠান সূচীর মধ্যে প্রসাদ বিতরণ ও ধর্মীয় আলোচনার মধ্য দিয়ে শেষ হবার কথা রয়েছে।

শ্রী শ্রী মদন মোহন মন্দিরে সভাপতি, অলোক কুণ্ডু ও সাধারণ সম্পাদক, সুশান্ত সরকার আমাদের কে জানান প্রতি বছরের ন্যায় এ বছরও শান্তি-শৃঙ্খলা বজায় রেখে আমরা র্যালি সম্পন্ন করেছি এবং এই বছরে অনুষ্ঠানে কিছু টাকা বাঁচিয়ে আমরা বন্যার্থীদের সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছি।

মুজিবনগরে উপজেলা ও পুলিশ প্রশাসনের গীর্জা ও বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন

দেশের বিরাজমান পরিস্থিতিতে মেহেরপুরের মুজিবনগর উপজেলার বিভিন্ন গীর্জা ও প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম ও মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল আলম।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে তারা উপজেলার ভবেরপাড়া গীর্জা, এতিমখানা, বল্লভপুর গীর্জা, বল্লভপুর মিশন হাসপাতাল এবং এতিমখানা পরিদর্শন করেন।

এ সময় তারা ভবরপাড়া গীর্জার ফাদার আলবিনো সরকার, সিষ্টার মালোতি মালো এবং বল্লভপুর গীর্জার ফাদার রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল, হাসপাতালের এডমিন আলফ্রেড বিনিময় বিশ্বাস এবং সিস্টার জিলিয়ান এম রোজসহ কর্মকর্তাদের সাথে গীর্জার ও প্রতিষ্ঠানগুলোর বর্তমান অবস্থা এবং সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন।

এ সময় মুজিবনগর নির্বাহী অফিসার তাদেরকে বলেন, দেশে বিরাজমান পরিস্থিতিতে কিছু স্বার্থান্বেষী মহল সংখ্যালঘুর ধোয়া তুলে দেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির পায়তারা করছে। আপনারা এই সমস্ত প্রোপাগান্ডা বিশ্বাস করবেন না স্বাধীন বাংলাদেশ সংখ্যালঘু বলে কিছু নেই। আমাদের একটাই পরিচয় আমরা বাংলাদেশী। এই বাংলাদেশে সবার অধিকার সমান। আপনারা নিশ্চিত মনে থাকবেন আপনাদের পাশে আমরা আছি।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ বলেন, যারা সংখ্যালঘু ধোয়া তুলে দেশে অস্থিতিশীল পরিবেশ তৈরির চেষ্টা করছে তারা কখনোই এই দেশকে ভালোবাসে না। এই দেশে আমার যতটুকু অধিকার আপনাদের ততটুকু অধিকার। এই বাংলাদেশে ধর্ম যার যার বাংলাদেশ সবার। সংখ্যালঘুর ধোয়া তুলে কেউ যদি পরিবেশ অস্থিতিশীল করতে চাই সে যেই হোক তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি হুশিয়ারি দেন।

তিনি আরো বলেন, আপনারা নিশ্চিত মনে থাকবেন কারণ আপনারা বাংলাদেশের নাগরিক এই দেশের সন্তান আপনাদের উদ্যোগের কোন কারণ নেই।বাংলাদেশ পুলিশ বাহিনী আপনাদের পাশে আছে এবং থাকবে যে কোন প্রয়োজনে আপনারা আমার কাছে ফোন দিবেন সঙ্গে সঙ্গে আমার পুলিশ বাহিনী আপনাদের পাশে এসে দাঁড়াবে।

দামুড়হুদায় বিএনপির নেতাকর্মীদের উদ্যোগে গীর্জা ও মন্দির পাহারা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপি সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল এর নেতৃত্বে যুবদল ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দল মৎস্যজীবী দল গত ৫ ই আগষ্ট থেকে নিয়মিত ভাবে ইউনিয়নের বিভিন্ন গির্জা মন্দির সংখ্যালঘুদের পাশে দাঁড়ান ও নেতাকর্মীদের নির্দেশনা দেন তাদের গীর্জা মন্দির পাহারা দেবার।

সেই থেকে আজ শনিবার অবধি বিএনপির নেতাকর্মীরা নিয়মিত ভাবে মন্দির

ও গীর্জা পাহাড়া দিচ্ছেন ও কেউ যাতে কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটানোর সুযোগ না পাই সেদিকে সজাগ দৃষ্টি রাখছেন।

এসময় ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল তার বক্তব্য বলেন আমরা বাংলাদেশের জনগন। সকলে আমরা ভাই ভাই।এখানে সাম্প্রদায়িকতার কোন জায়গা নেই।আপনারা নির্ভয়ে বসবাস করবেন। আমরা আপনাদের পাশে আছি। আমাদের দলীয় সকল নেতাকর্মী আপনাদের পাশে আছে।

এ সময় তিনি আরো বলেন বিএনপি সংখ্যালঘুদের পাশে অতীতে যেমন ছিলো বর্তমানেও আছে আর ভবিষ্যতেও আপনাদের পাশে থাকবে।এসময় সংখ্যালঘু সম্প্রদায়ের লোকজন সহ এলাকাবাসী এমন উদ্যোগে সাধুবাদ জানান। তারা বলেন বিএনপির নেতাকর্মীরা শুরু থেকে আমাদের গীর্জা ও মন্দির পাহারা সহ নিয়মিত আমাদের সার্বিক খোঁজখবর অব্যাহত রেখেছেন।

ঝিনাইদহে বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের সম্প্রীতি পদযাত্রা

‘ধর্ম যার যার রাষ্ট্র সবার’ স্লোগানকে সামনে নিয়ে ঝিনাইদহে সম্প্রীতি পদযাত্রা করেছে সনাতনী সম্প্রদায়। বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের আয়োজনে আজ শনিবার সকালে শহরের পায়রা চত্বর থেকে পদযাত্রা শুরু করা হয়। পদযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

সেখানে পালিত হয় মানববন্ধন কর্মসূচি। এতে জেলা বিএনপির সভাপতি অ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের নেতা প্রহল্লাদ সরকারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, দেশের সম্প্রীতি বিনষ্টকারীদের বিরুদ্ধে ধর্ম-বর্ণ নির্বিশেষে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাড়ানোর আহ্বান জানান। আগামী

দিনে সনাতনী সম্প্রদায়ের মানুষের কোনও প্রকার ক্ষতি করার চেষ্টা করা হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন বিএনপি নেতাকর্মীরা।

ধর্মীয় প্রতিষ্ঠানে হামলার তথ্য জানাতে হটলাইন চালু

হাসিনা সরকারের পতনের পর দেশকে অস্থিতিশীল করতে সংখ্যালঘুদের উপাসনালয়ে দুর্বৃত্তরা হামলা চালাচ্ছে বলে জানা গেছে বিভিন্ন সংগঠন থেকে। এর প্রতিকার চেয়ে মানববন্ধন ও সমাবেশ করেছে বিভিন্ন ধর্মীয় সংগঠন গুলোও। গতকাল সোমবার (১২ আগস্ট) ধর্ম মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে মন্দির, গির্জা, প্যাগোডা বা অন্য কোনো ধর্মীয় প্রতিষ্ঠানে হামলার ঘটনা ঘটলে তার তথ্য জানাতে সবাইকে অনুরোধ জানিয়েছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়।

বিজ্ঞপ্তিতে মন্দির, গির্জা, প্যাগোডা বা অন্য কোনো ধর্মীয় প্রতিষ্ঠান দুর্বৃত্তের হামলার শিকার বা আক্রান্ত হলে তার তথ্য ০১৭৬৬-৮৪৩৮০৯ এই মোবাইল নম্বরে ফোন বা খুদেবার্তার মাধ্যমে পাঠাতে অনুরোধ করা হয়।

এ ছাড়া ইসলামী ফ্রন্ট সাম্প্রতিক উদ্ভূত পরিস্থিতি ঘিরে দেশজুড়ে মাজার, মসজিদ, মন্দিরসহ ধর্মীয় উপাসনালয়ে হামলা-ভাঙচুরের সঠিক বিচার দাবি করেছে।

সূত্র: কালবেলা

কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময়

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুযোগ্য সন্তান বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে সনাতন ধর্মাবলম্বীদের জান মালের নিরাপত্তা দেবে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দ কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময় সভায় এসব কথা বলে ঝিনাইদহ জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুর জামান মনা।

আজ রবিবার (১১ আগষ্ট) বিকালে মেইন বাজারে সিদ্ধেশ্বরী কালী মন্দিরে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় কালী মন্দিরের সভাপতি শিক্ষক দিবস চন্দ্র সিংহ।

বক্তব্য রাখেন ঝিনাইদহ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি নারান চন্দ্র বিশ্বাস, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, সাবেক মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সহসভাপতি মোঃ সাইফুর রহমান মিন্টু,জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক শাহাজান আলী, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব রহমান শেখর, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আসিফ ইকবাল মাখন,ঝিনাইদহ সদর উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি চন্দন বসু মুক্ত, জেলা বিএনপির সদস্য ইকরামুল হক, উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর খান, দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইঁয়া প্রমুখ। মতবিনিময় সভা সঞ্চালনা করেন উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক।

এ সময় উপস্থিত ছিল উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দ এবং সনাতন ধর্মাবলম্বী বিভিন্ন শ্রেণী পেশার মানুষ

ঝিনাইদহে সনাতন ধর্মাবলম্বীদের সাথে জেলা জামায়াতের মতবিনিময়

দেশের চলমান পরিস্থিতিতে শান্তি শৃঙ্খলা বজায় রাখা ও হামলা আতংক দূর করতে সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময় করেছেন জেলা জামায়াত। গতকাল শনিবার রাতে শহরের শ্রী শ্রী বড় মাঠ কালি মন্দিরে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এতে জেলা জামায়াতের আমীর অধ্যপক আলী আযম, সেক্রেটারি মো: আব্দুল আওয়াল, সাংগঠনিক সেক্রেটারি আব্দুল আলীম, শহর আমীর হারুন আর রশিদ সিনিয়র এডভোকেট আব্দুর রশিদ, এডভোকেট ইসমাইল হোসেন, শিবির সভাপতি রাজু আহম্মেদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, সনাতন ধর্মাবলম্বীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার আশ্বাস দেন। প্রয়োজনে মন্দির বা বাসা-বাড়ি পাহারা দেওয়া হবে বলে আশ্বস্ত করে। সনাতন ধর্মাবলম্বী যেকারো সাথে অন্যায় করা হলে অন্যায়কারীদের বিরুদ্ধে কঠোর প্রদক্ষেপ নেওয়ার হুশিয়ারি দেন বক্তারা।

আলোচনা সভা শেষে গত ১৯ এপ্রিল আওয়ামী লীগের নেতাকর্মীদের হামলায় পঙ্গুত্ববরণকারী রিক্সাচালক কান্ত দাশের চিকিৎসার জন্য ২০ হাজার টাকা সহযোগিতা করেন তারা।

ঝিনাইদহে ৫ দফা দাবীসহ সনাতন ধর্মাবলম্বীদের মানববন্ধন

সংখ্যালঘু মন্ত্রনালয়, সুরক্ষা কমিটি গঠন, সংসদীয় আসন বরাদ্দসহ ৫ দফা দাবী আদায় ও নিরাপত্তার দাবীতে ঝিনাইদহের মানববন্ধন কর্মসূচী